

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ
১৬, আব্দুল গণি সড়ক, ঢাকা-১০০০
e-mail: dmss@dgfood.gov.bd
web: www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০৫.১৮-১৬৬(২)

তারিখঃ ২২/০২/২০১৮খ্রিঃ

বিষয় : বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য ২০,০০০ মেঃটন গমের চলাচল সূচি।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নারায়ণগঞ্জ সাইলোতে খালিস্থান সৃষ্টির জন্য সাইলো হতে বিভিন্ন গন্তব্যে দ্রুত গম পরিবহণ করানো প্রয়োজন। খাদ্য অধিদপ্তর থেকে নারায়ণগঞ্জ সাইলো হতে ঢাকা বিভাগের বিভিন্ন স্থানে এবং রাজশাহী ও রংপুর বিভাগের বিভিন্ন কেন্দ্রে সূচি জারি করা আছে। কিন্তু সূচির অধীন পর্যাপ্ত পরিমাণ গম পরিবহণ হচ্ছে না। নারায়ণগঞ্জ সাইলো হতে দ্রুত গম সরানোর প্রয়োজনে অধিদপ্তরের সূচির অতিরিক্ত ঢাকা বিভাগের জেলা সমূহের বিভিন্ন এলএসডিতে প্রয়োজন বিবেচনায় পরিবহণের জন্য থোক হিসেবে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা বিভাগে ২০,০০০ মেঃটন গমের সূচি জারির জন্য অনুরোধ করা হলো। বর্তমান স্থান সংকট নিরসনের জন্য উক্ত গম জরুরী ভিত্তিতে ১৫/০৩/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে পরিবহণ করানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

পরিবহনের ক্ষেত্রে পালণীয় নির্দেশনাবলী :

- ১। সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো প্রেরক হিসেবে কার্য সম্পাদন করবেন।
- ২। আখানি/চসনি প্রয়োজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রমানুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন।
- ৩। গম পরিবহন, বোঝাই এবং খালাসকালে কোন সমস্যা উদ্ভূত হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং ত্বরিত নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ সহ খাদ্য অধিদপ্তরকে অবহিত করবেন।
- ৪। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না।
- ৫। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ডি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন।
- ৬। ডি-ইনভয়েসে গমের গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।
- ৭। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদার ভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুত ও জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতীক্ষাক্ষর পূর্বক ফ্যাক্স যোগে অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৮। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ও ঠিকাদার ভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতীক্ষাক্ষরিত) ফ্যাক্স যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।
- ৯। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ তার অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্তৃকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন।
- ১০। সূচির নির্ধারিত তারিখের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে পরবর্তীতে অত্রই ঠিকাদারের অনুকূলে উপ-সূচি জারি করার জন্য আখানি/চসনিদের অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

স্বাক্ষর

- প্রাপক : ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা বিভাগ, ঢাকা।
২। সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো, নারায়ণগঞ্জ।

(মোঃ মিজানুর রহমান)

উপ-পরিচালক

চলাচল পরিকল্পনা রেল ও সড়ক

ফোন : ০২-৯৫৫১৪২৮

তারিখঃ ২২/০২/২০১৮ খ্রিঃ

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০৫.১৮-১৬৬(২)/২৫

অনুলিপি : সদয় অবগতি/অবগতির জন্য।

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। পরিচালক, হিসাব ও অর্থ/সববি বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক,
- ৬। অফিস কপি।


উপ-পরিচালক (চপ/রস)

চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ

২২.০২.১৮